ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৬

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১০.৩৩.০১৪.২৩ নথির বিষয়: মডস জোন-৬ এর আওতাধীন ডিএমএ-৬১১ এর বিটিসিএল কলোনী সংলগ্ন সোনালীবাগ এলাকার ১০"ব্যাস পানির লাইন হতে ৩" ব্যাস লাইনের আন্তঃসংযোগ ও অন্যান্য আনুষঙ্গিক কাজ প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: **মডস জোন-৬ এর আওতাধীন ডিএমএ-৬১১ এর বিটিসিএল কলোনী সংলগ্ন সোনালীবাগ এলাকার ১০"ব্যাস পানির লাইন হতে ৩" ব্যাস লাইনের আন্তঃসংযোগ ও অন্যান্য আনুষঙ্গিক কাজ প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৩০/৪/২৩ ৫:২১ অপরাহ্ন

মগবাজার ওয়্যারলেছ কলোনী সংলগ্ন পুরো এলাকা বিটিসিএল কলোনী এবং সোনালীবাগ সংলগ্ন এলাকায় পানি সংকট মোকাবেলায় অত্র জোন থেকে প্রতিনিয়ত চেষ্টা করা হচ্ছে। সর্বশেষ ৩৬নং ওয়ার্ড কাউন্সিলর এর পত্রের প্রেক্ষিতে যৌথ পরিদর্শন করা হয়। উক্ত এলাকার উত্তপ্ত পরিস্থিতি বিবেচনায় ৩টি ট্রায়াল পিট খনন করা হয়। দেখা যায় যে সার্ভিস লাইন সংযুক্ত ৩" ব্যাস রেটিকুলেশন লাইনে একবারেই পানি নাই। ১০" মেইন লাইন হতে ৩" ব্যাস রেটিকুলেশন লাইনের আন্তঃসংযোগ প্রদান করা হলে পানির প্রেসার বাড়বে বলে প্রতীয়মান হয়। নির্বাহী প্রকৌশলী, মডস জোন-৬, ঢাক ওয়াসা বরাবরে গত ২৯/০৩/২৩ইং তারিখে একটি পত্র প্রেরণ করেন (পত্র সংযুক্ত)। বিটিসিএল কলোনী সংলগ্ন সোনালীবাগ এলাকায় কয়েক হাজার নিম্নবিত্ত, মধ্যবিত্ত ও উচ্চবিত্ত পরিবার বসবাস করেন। ৩৬নং ওয়াড কাউন্সিলর জনাব তৈমুর রেজা দ্রুত পানি সংকট নিরসনের টেলিফোন ও পত্র মারফতে অনুরোধ জানিয়েছেন। সে প্রেক্ষিতে গত ০৫/০৪/২৩ইং তারিখে উক্ত জোনের টেকনিক্যাল টিম সমেত উক্ত ভবনের পানি সংকট নিরসনের জন্য একটি যৌথ পরিদর্শন অনুষ্ঠিত হয়। ফলে পরিদর্শন টিম সম্মিলিতভাবে আন্তঃসংযোগ এর জন্য মত প্রদান করেন। আলোচনা অনুযায়ী কাজটি সুন্দর ও সুচারুপে করা গেলে উক্ত মগবাজার ওয়্যারলেছ কলোনী সংলগ্ন পুরো এলাকা বিটিসিএল কলোনী এবং সোনালীবাগ এ পানি সংকট অনেক কমে আসবে। সে প্রেক্ষিতে করনীয় নির্ধারন করে একটি সার্ভে রিপোর্ট, একটি নক্সা তৈরী করা হয় (নক্সা সংযুক্ত)।
উপরোক্ত বণনার আলোকে বিষয়ে উল্লেখিত কাজের একটি প্রাক্কলন পিডব্লিউডি রেট সিডিউল ও বাজার দরের ভিত্তিতে তৈরী করা হয়েছে। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমান দাঁড়িয়েছে টা-৪৯,৫৪০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত চল্লিশ) টাকা মাত্র। আলোচ্য খরচ ২০২২-২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৭১ "Emergency Maintenance Work" বরাদ্দ থেকে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৩০/৪/২৩ ৫:২২ অপরাহ্ন

এমতাবস্থায়, বিভাগীয় ও জনস্বার্থে মডস জোন-৬ এর আওতাধীন ডিএমএ-৬১১ এর বিটিসিএল কলোনী সংলগ্ন সোনালীবাগ এলাকার ১০"ব্যাস পানির লাইন হতে ৩" ব্যাস লাইনের আন্তঃসংযোগ ও অন্যান্য আনুষঙ্গিক কাজটি করার খরচ বাবদ সবমোট টা-৪৯,৫৪০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত চল্লিশ) টাকা মাত্র পিপিআর ২০০৮ এর ৭৬/১(ট) বিধি মোতাবেক ঠিকাদারের সহিত সরাসরি চুক্তি পদ্ধতি (ডিপিএম) এ "আমিন এন্টারপ্রাইজ" এর মাধ্যমে সম্পন্ন করানোর সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। কাজে শেষে প্রকৃত কাজের ভিত্তিতে ঠিকাদারকে সরাসরি চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

৩০/৪/২৩ ৫:২৯ অপরাহ্ন মোঃ ইকবাল হোসেন মোল্লা উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৬	৩০/৪/২৩ ৭:২২ অপরাহ্ন মোঃ সাইফুল ইসলাম সহকারী প্রকৌশলী মডস জোন-৬	১/৫/২৩ ১:১৯ অপরাহ্ন মোহাম্মদ মাহবুবুর রহমান নির্বাহী প্রকৌশলী মডস জোন-৬	২/৫/২৩ ১১:১১ পূর্বাহ্ন শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার তত্ত্বাবধায়ক প্রকৌশলী মডস সার্কেল-১

~~২/৫/২৩ ১১:১১ পূর্বাহ্ন~~
~~মোঃ কামরুল হাসান~~
~~প্রধান প্রকৌশলী~~
~~প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১১/৫/২৩ ৭:৪৭ পূর্বাহ্ন

অনুমোদিত

CamScanner

১১/৫/২৩ ৭:৪৭ পূর্বাহ্ন	১১/৫/২৩ ১:১৩ অপরাহ্ন	১৩/৫/২৩ ১:৫৬ অপরাহ্ন	১৩/৫/২৩ ১:৫৬ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান	মোহাম্মদ মাহবুবুর রহমান	মোঃ সাইফুল ইসলাম	মোঃ ইকবাল হোসেন মোল্লা
প্রধান প্রকৌশলী	নির্বাহী প্রকৌশলী	সহকারী প্রকৌশলী	উপ-সহকারী প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	মডস জোন-৬	মডস জোন-৬	মডস জোন-৬

CS CamScanner